ইত্তেফাক



তারিখ ৮।১২।৮১
পৃষ্ঠা ৪ কলাম ৫

472

# এইচ, এস, সি পরীক্ষার তারিখ পিছানোর আবেদন

আমরা এবারের এইচ, এস, সি, পরীক্ষার্থী। কিছুদিন আগে এক বিজ্ঞপ্তির মাধ্যমে জানিতে পারিলাম যে, ১৯৮১ সালের ১৬ই এপ্রিল আমাদের পরীক্ষা আরম্ভ হইবে। অত্যন্ত দুঃখের সংগে বলিতে হয় যে, আমরা ১৯৭৯ সালে এস, এস, সি, পাস করিয়াছি। উক্ত বৎসর প্রশ্নপত্র ফাঁস হওয়ার দরুন জুলাই মাসের শিক্ষাবর্ষ শুরু হয় অক্টোবরে। সাধারণত প্রতি বৎসরই পরীক্ষা যে মাসে আরম্ভ হয়; কিন্তু কি কারণে যে বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষা এপ্রিল মাসে লওয়ার সিদ্ধান্ত নেন, বোর্ড কর্তৃপক্ষই বলিতে পারিবেন। এইচ, এস, সি, পরীক্ষার কোর্স সম্বন্ধে কেহই আর অজানা নহেন। এপ্রিল মাসে পরীক্ষা আরম্ভ হইলে ২৪ মাসের শিক্ষা বৎসরে আমরা পেলাম ১৮ মাস সময়। যেখানে এস,এস,সি পরীক্ষার জন্য সময় দেয়া হয় ২৬ মাস, সেখানে এস,এস,সি র তুলনায় অনেকগুণে বড় কোর্স কিভাবে ১৮ মাসে শেষ করা সম্ভব?

অতএব, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে আবেদন এই যে, এইচ, এস, সি, পরীক্ষার তারিখ ১৬ই এপ্রিল হইতে অন্ততঃ দুই মাস পিছাইয়া দিয়া পরীক্ষার্থীদের ভালমত পরীক্ষা দিতে সহায়তা করেন।

—মোঃ এনায়েত হোসেন,
নটরডেম কলেজ,
মোঃ শাহাবুদ্দিন আহমদ,
ঢাকা কলেজ।